



নং-ডীন, স্থাপত্য অনুষদ/ভর্তি-২০১৮-১৯/১০

তারিখ: ০২/০৩/২০১৯

প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য
৭ম অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের দলিলাদি যাচাই, স্বাস্থ্য পরীক্ষা এবং ভর্তির সময়সূচী

| প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য ৭ম অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য | | | |
|--------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------|-------------------------|
| ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান | প্রথম উপস্থিতি (দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষা) সকাল ১০:০০ | দ্বিতীয় উপস্থিতি (ভর্তির কাগজ সংগ্রহ) বিকাল ২:০০-৫:০০ | ভর্তির সর্বশেষ তারিখ |
| ১১২৭, ১১২৮, ১১৩০ | ০৫/০৩/২০১৯ মঙ্গলবার | ০৬/০৩/২০১৯ বুধবার | ১০/০৩/২০১৯ রবিবার |
| ১১৩১- ১১৫০ | প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরে জানানো হবে (বিশ্ববিদ্যালয়ের Website এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে)। | | |

দলিলাদির সত্যতা যাচাই/উপস্থিতি নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য পরীক্ষা

(ক) ভর্তির জন্য তালিকাভুক্ত প্রার্থীদের নোটিশে উল্লেখিত প্রথম উপস্থিতির তারিখ ও সময়ে স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ অফিসে সনদ ও ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট -এর সত্যতা যাচাইয়ের জন্য উপস্থিত হতে হবে। এই দিন নিম্নলিখিত দলিলাদি জমা দিতে হবে :

- (১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল সনদ।
- (২) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট।
- (৩) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট।
- (৪) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার সনদ-এর সত্যায়িত কপি।
- (৫) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট-এর সত্যায়িত কপি।
- (৬) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম অথবা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট-এর সত্যায়িত কপি।
- (৭) আবেদনকারীর নাম সম্বলিত সত্যায়িত ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি যা অনলাইনে আপলোড করা হয়েছিল।
- (৮) অভিভাবক ও নিজের স্বাক্ষরিত চূড়ান্তভাবে submit কৃত Option Form-এর প্রিন্টকৃত মূল কপি।

উল্লেখ্য, এই সময়ে প্রদানকৃত ছাত্র/ছাত্রীদের মূল ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট ও সনদ ভর্তি কমিটিসমূহের সভাপতি-এর অফিসে জমা রাখা হবে। জমা গ্রহণের পর ভর্তি/ভর্তির যোগ্যতা বাতিল ব্যতিরেকে এই সব কাগজপত্র সাময়িকভাবে ফেরৎ কিংবা ফটোকপি প্রদান করা হবে না।

(খ) স্বাস্থ্য পরীক্ষা :

ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের উল্লিখিত দলিলাদি জমা প্রদানের পর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টারে ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি কারও হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি, অন্যান্য সংক্রামক রোগ অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে এবং পেশায় সাধারণ কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসক মনে করেন তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে ধরা হবে। তবে দৃষ্টি শক্তির ত্রুটি সাত দিনের মধ্যে পুনঃপরীক্ষা করা যেতে পারে। অন্যান্য অস্থায়ী অনুপযুক্ততা যথাঃ- হাইড্রোসিস, হার্নিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃপরীক্ষার জন্য বিবেচিত হতে পারে। এই ধরনের অসুস্থতা পুনঃপরীক্ষার প্রয়োজন হলে প্রার্থীর নিজস্ব খরচে বাইরের কোন ডাক্তারের মতামতের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসক সুপারিশ করতে পারেন। তবে এই সুপারিশ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতি কর্তৃক অনুমোদিত হতে হবে।

উল্লেখ্য যে, স্বাস্থ্য পরীক্ষার ফি বাবদ টা: ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র নগদ প্রদান করতে হবে।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির পূর্ব অনুমতি না নিয়ে প্রথম উপস্থিতির
দিন নির্ধারিত সময়ে অনুপস্থিত প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে

অধ্যাপক ড. ফরিদা নিলুফার

সভাপতি, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ভর্তি কমিটি সমূহ

ও

ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।